

ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা অঞ্চলের সভা অনুষ্ঠিত

গত ১২ এপ্রিল ২০২০ তারিখে অনলাইনের মাধ্যম ব্যবহার করে ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা অঞ্চলের আঞ্চলিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ঢাকা অঞ্চলের সমন্বয়ক এবং জাতীয় ফোরাম সদস্য মোসুমি ইসলাম এবং সঞ্চালনা করেন ঢাকা অঞ্চলের সহযোগী সমন্বয়ক আজিজুল হক রোমেল।

সভায় ঢাকা জেলার সমন্বয়কারী মহিউদ্দিন রনি, মানিকগঞ্জ জেলার সমন্বয়কারী জিসান, নারায়ণগঞ্জ জেলার সমন্বয়কারী মালিহা মাহি, সহযোগী সদস্য নাজমুন নাহার ও শাহ পরান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। আলোচনায় ইয়ুথ মোবাইল ইজেশন ইউনিটের পক্ষ থেকে আলোচনায় যুক্ত হন আমজাদ হোসেন রাজীব।

সভায় অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে ঢাকা অঞ্চল কর্তৃক বাস্তবায়নের জন্য তিনটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়: প্রথমত, সারা দেশের ইয়ুথ সদস্যদের কভিড-১৯ সংক্রান্ত তথ্য দেওয়ার জন্য পাঁচটি হটলাইন নম্বর চালু করা;

দ্বিতীয়ত, ইয়ুথ সদস্যদের সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয় নির্বাহে সহায়তার জন্য একটি ফান্ড গঠন করা; এবং তৃতীয়ত, জাতীয় ফোরাম থেকে গৃহীত উদ্যোগ বইপড়া কর্মসূচিকে বেগবান করার লক্ষ্যে কাজ করা।

সভায় ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা অঞ্চলের সকল সদস্যকে নিজ নিজ পরিবারের নিরাপত্তা নিশ্চিত করা, স্বাস্থ্যবিধি মেনে চলা এবং নিজেদের সুরক্ষিত রেখে সাধ্যমত সামাজিক দায়িত্ব পালন করার আহ্বান জানানো হয়।

সবাই মিলে **শপথ করি**
করোনা ভাইরাসমুক্ত গ্রাম গড়ি

ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্বেচ্ছাব্রতী তরুণেরা সারা দেশে নিজেদের এলাকা করোনাভাইরাস থেকে নিরাপদ রাখতে নানাবিধ কর্মসূচি পরিচালনা করেছে। তাদের সেই উদ্যোগসমূহের নির্বাচিত সংবাদ নিয়ে নিয়মিত প্রকাশিত হচ্ছে 'আরুণ্য বার্তা'। পত্রিকায় প্রকাশের জন্য আপনার এলাকার তরুণদের কাজের সংবাদ ও ছবি পাঠিয়ে দিন।

টাঙ্গাইলে তরুণদের অনন্য উদ্যোগ

টাঙ্গাইল জেলার গোপালপুর উপজেলার শাখারিয়া গ্রামে ১২ এপ্রিল ২০২০ তারিখে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্থানীয় সদস্যদের আয়োজনে এলাকার বিভিন্ন স্থানে জীবাণুনাশক ওষুধ ছিটানো হয়। তিনটি ওষুধ ছিটানোর মেশিন ব্যবহার করে রাস্তা, চলন্ত যানবাহন, দোকান, বাড়ি ইত্যাদি জীবাণুমুক্ত করার চেষ্টা করা হয়।

ইয়ুথ লিডার মোঃ মানিক মন্ডল এর নেতৃত্বে কার্যক্রমটি পরিচালিত হয়। কার্যক্রমে সার্বিক সহযোগিতা করেন ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ হোসেন আলী। এছাড়াও উপস্থিত ছিলেন ইয়ুথ লিডার কায়সার আলম লাভলু, ওমর ফারুক তুষার, রমজান শেখ প্রমুখ। এলাকাবাসী তাদের এই কার্যক্রমে আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করে।



করোনামুক্ত চতরা গড়ার প্রয়াস

ইয়ুথ এন্ডিং হাঙ্গার পীরগঞ্জ উপজেলা কো-অর্ডিনেটর মোঃ রুবেল হাসান এর উদ্যোগে গত ১২ এপ্রিল ১১ জন ইয়ুথ লিডার রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার চতরা ইউনিয়নের প্রত্যেকটি গ্রামে গিয়ে করোনাভাইরাস প্রতিরোধে প্রচারাভিযান পরিচালনা করেন। এই প্রচারাভিযানে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এনামুল হক শাহীন সহযোগিতা করেন।

ইয়ুথ এন্ডিং হাঙ্গারের এই দলটি ইউনিয়নের বিভিন্ন জায়গায় সাধারণ মানুষকে হাত ধোয়ার কৌশল প্রদর্শন করে। এছাড়াও গ্রামের অসচ্ছল পরিবারের মাঝে তারা সাবান বিতরণ করে।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি

সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব

প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ; সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

২/২, হেরাল্ডিক হাইটস, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭, yeh.bd@thp.org; www.thpbd.org

THE
HUNGER
PROJECT